গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা

নং-৫৭.০০.০০০০.১২১.১৪.০০৫.১৮-৪৬২

তারিখ: ৩০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)-এর ৫ম সভার কার্যবিবরণী।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর অধীনে বাস্তবায়নাধীন "অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)-এর ৫ম সভা গত ১৭/০৮/২০২০ তারিখে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনলাইন জুম প্লাটফর্ম-এ অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৩/৪/২১

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

(মুহাঃ মাছুম বিল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪১০৫০৯৯২
masumbahadur@gmail.com

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, বাজেট-২)।
০২। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, ইআরডি, অর্থ মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, ইসি-এনইসি এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২। উপসচিব (পরিকল্পনা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, "অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
১৫। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১২১.১৪.০০৫.১৮- ৪৬২

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

## "অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইন্সটিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন" প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আমিনুল ইসলাম খান, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
তারিখ : ১১.০৪.২০২১ খৃঃ
সময় : বেলা ৪:০০ ঘটিকা
স্থান : অনলাইন; জুম প্লাটফরম।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ
পরিশিষ্ট-ক এ দেখানো হলো।

৩.০ উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় প্রকল্প গ্রহণের পটভূমি তুলে ধরে বলেন যে, বাংলাদেশের কারিগরি শিক্ষার ক্ষেত্রে পুরাতন পলিটেকনিক ইনস্টিটিউটগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কিন্তু পুরাতন এ সকল পলিটেকনিক ইনস্টিটিউটের দীর্ঘদিন কোনো উন্নয়নমূলক কাজ করা হয়নি। ফলে অধিকাংশ প্রতিষ্ঠানই জরাজীর্ণ হয়ে পড়েছে। অধিকন্তু কারিগরি শিক্ষা ও অবকাঠামো খাতে আরো কিছু সংস্কারের লক্ষ্যে ভারতীয় দ্বিতীয় লাইন অব ক্রেডিটের অর্থে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু প্রকল্প বাস্তবায়নের শুরু থেকেই পরামর্শক নিয়োগসহ নানাবিধ কারণে প্রকল্পের বাস্তাবায়ন কাজ অগ্রসর হয়নি। ফলে প্রকল্পটি ধীরগতি সম্পন্ন হয়ে পড়ে। এমতাবস্থায় উন্নয়ন সহযোগী হিসেবে ভারতীয় সরকার ইআরডি-কে জানিয়েছে যে, যদি বাংলাদেশ সরকার এ প্রকল্পটি নিয়ে এগুতে না চায়, তারা এ প্রকল্পের জন্য নির্ধারিত অর্থ বাংলাদেশের অন্য প্রকল্পে পুনঃউপযোজন করতে আগ্রহী। অন্যদিকে, প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে সেখানে গত ২৭ ডিসেম্বর ২০২০ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের ফিজিবিলিটি স্টাডিসহ কারিগরি ও শিক্ষা বিভাগের পূর্ণাঙ্গ মতামত প্রেরণের জন্য বলা হয়। এ পরিপ্রেক্ষিতে গত ২৩.০৩ ২০২১ তারিখে প্রকল্পের পিআইসি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পটির বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য অদ্যকার স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় উপসচিব (উন্নয়ন)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য পরামর্শ দিলে আলোচ্যসূচি অনুযায়ি বিস্তারিত সভায় উপস্থাপন করা হয়।

৩.১ আলোচনাঃ

আলোচ্যসূচি-১ অনুযায়ী সভায় জানানো হয় যে, বর্তমান ২০২০-২০২১ অর্থবছরে প্রকল্পের অনুকূলে মোট ৮২৫.০০ (জিওবি ১২৫ লক্ষ ও প্রকল্প সাহায্য ৭০০ লক্ষ) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে মার্চ, ২০২১ পর্যন্ত ৭৫.০০ (সম্পূর্ণ জিওবি) লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ব্যবহৃত অর্থের পরিমাণ ২৮.৭৮(সম্পূর্ণ জিওবি) লক্ষ টাকা, যা বরাদ্দের ৩.৪৯%।

| আরএডিপি বরাদ্দ | | অর্থঅবমুক্তি | | অর্থের ব্যবহার | | অগ্রগতির হার | |
|---|---|---|---|---|---|---|---|
| মোট | জিওবি | মোট | জিওবি | মোট | জিওবি | মোট | শতকরা |
| ৮২৫.০০ | ১২৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ২৩.৭৮ | ২৩.৭৮ | ২৩.৭৮ | ৩.৪৯ |

৩.২ সভায় আলোচ্যসূচি-২ উপস্থাপন করে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি ২০১৭ সাল হতে বাস্তবায়নাধীন রয়েছে। বিগত ০৪ বছরে প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ২২৩.৩৩ লক্ষ টাকা। এটি মোট প্রকল্প ব্যয়ের মাত্র ০.০৯%। ব্যয়িত অর্থ সবই জিওবি অংশের। প্রকল্প সাহায্য হতে কোনো অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে বাস্তবায়নকাল একবার বৃদ্ধি করা হয়েছে। কিন্তু প্রকল্পের যে অবস্থা তাতে সহসা প্রকল্প সাহায্য ব্যবহার করা যাবে বলে মনে হয়না। প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ প্রয়োজনীয় সংশোধনী অনুমোদনের জন্য ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছিলো। সেখানে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করবার নির্দেশ প্রদান করা হয়েছে। একটি চলমান প্রকল্পের নতুন করে ফিজিবিলিটি স্টাডি কীভাবে সম্ভব তাও স্পষ্ট নয়।

আলোচনায় অংশগ্রহণ করে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের উপপ্রধান বলেন যে, বস্তুত প্রকল্পটি নিয়ে সামনে এগনোর কোনো সম্ভাবনা না থাকায় পিইসি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। পরিকল্পনা কমিশন আসলে চায় যে, টিএমইডি প্রকল্পটির বিষয়ে একটি কার্যকর সিদ্ধান্ত নিক। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় সরাসরি পরিকল্পনা কমিশনের মতামত জানতে চাইলে সংশ্লিষ্ট প্রতিনিধি এ প্রকল্পটি নিয়ে আর এগুনো সমীচীন হবে না মর্মে মতামত দেন। তার এ মতামতকে পরিকল্পনা বিভাগের ইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের যুগ্মপ্রধানও সমর্থন করেন। আইএমইডি'র পরিচালক বলেন যে, প্রকল্পের বর্তমান যে অবস্থা তাতে এ প্রকল্পটি এ অবস্থায় সমাপ্ত ঘোষণা করে অসমাপ্ত কাজসমূহ সমাপ্তকরণের লক্ষ্যে নতুন একটি প্রকল্প জিওবি বা অন্য কোনো উন্নয়ন সহযোগীর সহায়তায় প্রস্তাব করা যেতে পারে।

সভায় প্রকল্প স্টিয়ারিং কমিটির বর্ণিত সদস্যগণের এ মতামতে অন্যান্য সদসগণও একমত পোষণ করেন। সভায় সিদ্ধান্ত গ্রহণ গ্রহণ করা হয় আলোচ্য প্রকল্পের অসমাপ্ত কাজসমূহ সমাপ্তকরণের লক্ষ্যে এক বা একাধিক নতুন প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

৩.৩ আলোচ্যসূচি-খ এর ওপর আলোচনা ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের পরিপ্রেক্ষিতে অন্যান্য আলোচ্যসূচির প্রাসঙ্গিকতা না থাকায় আলোচ্যসূচি-গ আলোচনা করা হয়নি। বরং সভাপতি মহোদয় আলোচ্য প্রকল্পটি সরকারের বিদ্যমান "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" শীর্ষক পরিপত্রের সশ্লিষ্ট নির্দেশনা অনুযায়ী পরবর্তি ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

৪.০ <u>সিদ্ধান্তঃ</u>

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১ "অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইন্সটিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির মেয়াদ আর বৃদ্ধি করা হবে না;

৪.২ প্রকল্পটি সরকারের বিদ্যমান "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" শীর্ষক পরিপত্রের সশ্লিষ্ট নির্দেশনা অনুযায়ী প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্পটি সমাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক পরবর্তি ব্যবস্থা গ্রহণ করবেন; এবং

৪.৩ চলমান প্রকল্প সমাপ্ত ঘোষণার পর আলোচ্য প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর এক বা একাধিক প্রকল্প গ্রহণ করবে।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব
ও
সভাপতি
প্রকল্প স্টিয়ারিং কমিটি

**পরিশিষ্ট-ক**

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ | নাম | পদবী | দপ্তর |
|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ মনিরুজ্জমান | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০২। | জনাব মোঃ হেলাল উদ্দিন, এনডিসি | মহাপরিচালক | কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ০৩। | জনাব অজিত কুমার ঘোষ | অতিরিক্ত সচিব (উন্নয়ন) | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৪। | জনাব মোহাঃ বোরহানুল হক | যুগ্মসচিব (উন্নয়ন) | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৫। | জনাব মোঃ ইউনুস মিয়া | যুগ্মসচিব (ইসি-এনইসি) | পরিকল্পনা বিভাগ |
| ০৬। | জনাব মোঃ শামসুর রহমান খান | প্রকল্প পরিচালক | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৭। | জনাব মোঃ ফরহাদ সিদ্দিক | যুগ্মপ্রধান, জিইডি | পরিকল্পনা কমিশন |
| ০৮। | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন | পরিচালক | আইএমইডি |
| ০৯। | জনাব এম এ আখের | উপসচিব (উন্নয়ন) | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ১০। | জনাব তনিমা তাসমিন | উপসচিব | অর্থ বিভাগ |
| ১১। | জনাব মাকসুদা হোসেন | উপপ্রধান, আর্থ-সামাজিক অবঃ বিভাগ | পরিকল্পনা কমিশন |
| ১২। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপপ্রধান, কার্যক্রম বিভাগ | পরিকল্পনা কমিশন |
| ১৩। | জনাব মোঃ জহিরুল ইসলাম | উপসচিব | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ১৪। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | পরিচালক (পরিকল্পনা) | কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ১৫। | জনাব মোঃ মাসুম বিল্লাহ | সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১) | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |